

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা বন কর্মকর্তা কার্যালয়
গুরুদাসপুর, নাটোর।

পত্র নং- ৪০/১৩৬-২৬

তারিখ : ২১/১০/২১

নোটিশ

সম্মান সহকারে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বিষয় আলোচনার জন্য উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটির একটি সভা আগামী ২৬.১০.২১... ইং তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান, গুরুদাসপুর-নাটোর এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী :

- ১। বাস্তবায়িত কর্মকান্ড অনুমোদন।
- ২। করাত-কল, ফার্নিচার মার্ট এবং কাঠের ডিপু সম্পর্কে আলোচনা।

প্রাপক :

.....
.....
.....


(মোঃ মিজানুর রহমান)

উপজেলা বন কর্মকর্তা
গুরুদাসপুর, নাটোর

ও

সদস্য সচিব

উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী
কমিটি

গুরুদাসপুর, নাটোর।

অদ্য ২৬/০১/১৯...ইং তারিখে উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটি গুরুদাসপুর, নাটোর-
এর সম্মানিত সদস্যের উপস্থিতির স্বাক্ষর :

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১.	শ্রীমতী শ্রীমতী সত্যজিৎ দেবী	ইন্সপেক্টর জেনারেল	শ্রীমতী
০২.	শ্রীঃ হারুনুর রশিদ	উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা	শ্রীঃ হারুনুর রশিদ
০৬.	শ্রীঃ ফকরুল হুসেইন	ডি. পু. টি. অফিসার	শ্রীঃ ফকরুল হুসেইন
০৪	শ্রীঃ মিজবুল হুসেইন	U.F.O	শ্রীঃ মিজবুল হুসেইন

গুরুদাসপুর উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোহাঃ রোকসানা আক্তার , মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ গুরুদাসপুর নাটোর।

তারিখ : 26/01/23
সময় : ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য (শাফরের ক্রমানুসারে)

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সদস্য সচিবকে অন্যকার সভার আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ আরম্ভ করার জন্য অনুরোধ জানান।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভার আলোচ্যসূচী মোতাবেক নিম্ন বর্ণিত বিষয় সভায় আলোচনা করেন এবং আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা -১ বিনামূল্যে চারা বিতরণের জন্য ও বিতরণঃ- সদস্য সচিব সভায় জানান যে, ২০২১-২০২২ আর্থিক সনে নাটোর এস,এফ,এন,টি,সি,অধীন গুরুদাসপুর উপজেলা বিনা মূল্যে বিতরণের জন্য ৩.১২৫ টি বিভিন্ন প্রজাতীর চারা উত্তোলন করা হয়েছে এবং বর্ষা মৌসুম আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে প্রশাসনের নির্দেশনা মত উক্ত চারা গুলি বিতরণ করা হয়েছে। যাহা অনুমোদনের জন্য অত্র সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত :- সদস্য সচিব কর্তৃক সভায় উপস্থিত বিষয়ে ব্যাপক আলোচনান্তে অনুমোদন সহ উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটির সভায় চারা গুলি বিতরণের সিদ্ধান্ত হয়।


আলোচনাঃ-২ তাগ চারা উত্তোলন ও রোপনঃ- সদস্য সচিব সভায় জানান যে, ২০২১-২০২২ আর্থিক সনে নাটোর এস,এফ,এন,টি,সি,অধীন গুরুদাসপুর উপজেলায় ২,৭৪৩ টি তাগ চারা উত্তোলন করা হয়েছিল যাহা প্রশাসন ও জনপ্রতিনিধির নির্দেশমত যোগেশদ্রনগর হতে বিলহরিবাড়ী ও খলিফা পাড়া প্রাথমিক বিদ্যালয় হতে রাবারড্রাম পর্যন্ত রাস্তার উভয় পাশে চারা গুলো রোপন করার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত চারা গুলো রোপন করা হয়েছে। যাহা অনুমোদনের জন্য অত্র সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত :- সদস্য সচিব কর্তৃক সভায় উপস্থিত বিষয়ে ব্যাপক আলোচনান্তে অনুমোদন সহ উপজেলা পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটির সভার চারা গুলি উপরের উল্লেখিত রাস্তায় রোপনের সিদ্ধান্ত হয়।

আলোচনা :-৩ সদস্য সচিব জানান যে, করাত-কল পরিচালনার জন্য করাত-কল লাইসেন্স আবশ্যিক। অত্র উপজেলায় ২২টি করাত-কল রহিয়াছে। যাহা করাত-কল বিধিমালা মোতাবেক প্রত্যেকেই লাইসেন্স গ্রহন করা আবশ্যিক। ইহার মধ্যে ১৪টি করাত-কল মালিকের লাইসেন্স রহিয়াছে বাকী ৮টি করাত-কল মালিক লাইসেন্স গ্রহন করার জন্য কোন প্রকার আবেদন করেন নাই। বন বিভাগ থেকে বারবার মৌখিক ও লিখিত ভাবে লাইসেন্স গ্রহন করার পরামর্শ অব্যাহত রহিয়াছে। যাহাতে প্রত্যেক করাত-কল মালিক লাইসেন্স গ্রহন করেন এ ব্যাপারে ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন।

সিদ্ধান্ত :- করাত কল লাইসেন্স প্রত্যেকেই যাতে গ্রহন করেন এ ব্যাপারে সকল সদস্য সক্রিয় ভূমিকা রাখবেন তাহার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাঃ রোকসানা আক্তার),

মহিলা ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ


ও

সভাপতি

পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটি

গুরুদাসপুর নাটোর।

তারিখঃ 26/01/23



(মোঃ মিজানুর রহমান)

উপজেলা বন কর্মকর্তা

ও

সদস্য সচিব

পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটি

গুরুদাসপুর নাটোর।

পত্র নং- ৪৭/সি/২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। উপজেলা নির্বাহী অফিসার গুরুদাসপুর, নাটোর।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা এস,এফ,এন,টি,সি,নাটোর।